144

দৈনিক ইনকিলাব

তারিখ DEC. 20 1999
পৃষ্ঠা ২৫ কলাম 7

# নায়েমের বুনিয়াদী প্রশিক্ষণ কোর্স

নায়েমের পুরো নাম ন্যাশনাল একাডেমী ফর এডুকেশনাল ম্যানেজমেন্ট। ঢাকা কলেজ ও টিচার্স ট্রেনিং কলেজের অভ্যন্তরে অবস্থিত এখানে রয়েছে বাংলাদেশ সিভিল সার্ভিসের সাধারণ ও কারিগরি শিক্ষাসহ সকল ক্যাডারের নবনিযুক্ত কর্মকর্তাদের প্রশাসন ও উন্নয়ন সম্পর্কে একটি মৌল প্রশিক্ষণ কর্মসূচী। এ কর্মসূচীর মূল লক্ষ্য হচ্ছে নির্ধারিত বিষয়সমূহে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করা, উন্নয়নের বিভিন্ন দিক, সরকারের গুরুত্বপূর্ণ নীতিসমূহ এবং বাংলাদেশে বিদ্যমান প্রশাসনিক পদ্ধতি সম্বন্ধে ধারণা দেয়া, প্রশিক্ষণার্থীদের প্রশাসনিক-ব্যবহারিক জ্ঞান, উচ্চতর দায়িত্বে অংশগ্রহণের জন্য উপযোগী করে গড়ে তোলার সঙ্গে অংশগ্রহণকারীদের মানসিক ও শারীরিক শক্তি আবিষ্কার উদ্বুদ্ধ করা ইতিবাচক দৃষ্টিভঙ্গী বিশ্লেষণ ক্ষমতা ও দ্রুত সিদ্ধান্ত গ্রহণে উপযুক্ত মনোভাব গঠন, ব্যক্তিত্বের সুষ্ঠু বিকাশে সহায়তা করা। বিসিএস ক্যাডারদের জন্য নায়েমে মূলত সাধারণ শিক্ষা, কারিগরি শিক্ষা এ দুই ধরনের প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। এর মেয়াদ ৪ মাস। এই প্রশিক্ষণের ক্ষেত্রে প্রশিক্ষণার্থীদের আবাসিক ব্যবস্থা রয়েছে। এছাড়া সাফল্যজনক পরিসমাপ্তির জন্য রয়েছে আবশ্যকীয় কিছু শর্ত। বুনিয়াদী প্রশিক্ষণের জন্য চারটি তাত্ত্বিক বিষয় রয়েছে। এগুলো হল বাংলাদেশ চর্চা, লোক প্রশাসন, ব্যবস্থাপনা প্রযুক্তি ও বিধি, উন্নয়ন অর্থনীতি। এছাড়া শিক্ষার্থীকে সভা পরিচালনা শিক্ষা, সভার প্রতিবেদন রচনা, টার্ম পেপার লিখন, মৌখিক উপস্থাপন ও পুস্তকে সমালোচনা ও শরীর চর্চা, খেলাধুলার বিষয় পাঠসূচীর অন্তর্ভুক্ত রয়েছে। একজন অংশগ্রহণকারীকে পঠিত বিষয়সহ অন্যান্য সকল বিষয়েই গড়ে ৪০% মার্ক পাওয়া প্রয়োজন। বুনিয়াদী প্রশিক্ষণের জন্য মোট নম্বর ১৮০০। বুনিয়াদী প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থীদের ৯৫% ক্লাসে উপস্থিত থাকা বাঞ্ছনীয় না হলে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হয় না। নায়েমের প্রতিষ্ঠা হয়েছে শিক্ষা, পরিকল্পনা, প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ ও গবেষণা পরিচালনার জন্য এপেক্স প্রতিষ্ঠান হিসেবে। এটা শিক্ষা মন্ত্রণালয়ের একটি সংযুক্ত বিভাগ। এ প্রশিক্ষণ কোন বিশেষ ক্যাডার বা বৃত্তির ওপর গুরুত্বারোপ করে প্রতিষ্ঠা না হলেও এখান থেকে বিসিএস ক্যাডার প্রশিক্ষণার্থী ব্যক্তিত্বের সার্বিক বিকাশ ও একটি উন্নয়নশীল দেশের আর্থ-সামাজিক পেক্ষাপটে গতিশীল নেতৃত্বের উপযোগী মানসিক প্রস্তুতি গঠনে সহায়তা করে।

❑ জাকির হোসেন